# বর্ন ইন ব্র্যাডফোর্ড (BiB): যেসব শিশুদের ব্র্যাডফোর্ডে জন্ম হয়েছে তাদের এবং তাদের মায়েদের ডেটা লিঙ্কেজ কোহর্ট স্টাডি গর্ভবতী মহিলাদের জন্য তথ্য

## BiB কি?

বর্ন ইন ব্র্যাডফোর্ড (BiB) এই প্রকল্প পরিচালনা করছে এবং এটি ব্র্যাডফোর্ডের পরিবার এবং শিশুদের নিয়ে গবেষণা প্রকল্পের অংশ। 2007 থেকে 2010 পর্যন্ত ব্র্যাডফোর্ডে যেসব পরিবারে শিশুর জন্ম হয়েছিল, তাদের BiB-তে যোগ দিতে বলা হচ্ছে, এর সাহায্যে ব্র্যাডফোর্ডের পরিবারগুলি যাতে আরো সুস্থ, আনন্দময় জীবনযাপন করতে পারে সে বিষয়ে আমরা আরো জানতে পারব।

## এটি কিভাবে কাজ করে?

যখন আপনার ধাত্রীর সাথে দেখা করবেন, তখন তিনি জানতে চাইবেন যে আপনি অধ্যয়নে অংশ নিতে সম্মত কিনা। তাতে স্বাস্থ্য গবেষনা করা আপনার এবং আপনার সন্তানের বিষয়ে প্রচুর ডেটা একত্র করবেন যাতে আমরা ব্র্যাডফোর্ডে গবেষণা এবং পরিকল্পনার মাধ্যমে স্বাস্থ্য, শুশ্রুষা এবং পরিষেবায় উন্নয়নের উপায় খুঁজতে পারি। আমরা ব্র্যাডফোর্ডের প্রত্যেক গর্ভবতী মহিলাকে এই প্রকল্পে যোগ দিতে বলছি।

## BiB আমার তথ্য কেন ব্যবহার করতে চায়?


আপনার রোগীর রেকর্ড এবং আপনার সন্তানের রোগীর রেকর্ড এই দুইয়ের তথ্য পরস্পর যুক্ত করে আমরা লোকেদের জীবনের ব্যাপারে আরো স্পষ্ট ধারণা তৈরি করতে এবং এমন কিছু প্রশ্নের উত্তর দিতে পারব যা গবেষণা এবং পরিকল্পনার মাধ্যমে স্বাস্থ্য, শুশ্রুষা এবং পরিষেবার উন্নয়নে সাহায্য করবে। আপনার তথ্যের সাহায্যে আমরা এই জাতীয় প্রশ্ন নিয়ে অনুসন্ধান করতে পারব:

- গর্ভাবস্থায় যা ঘটে তার সাথে শিশুদের ভবিষ্যতে স্বাস্থ্যের কোন সম্পর্ক আছে কি?
- ব্র্যাডফোর্ডে কত জন শিশুর হাঁপানি আছে? কয়েকটি এলাকার শিশুদের অন্যান্য এলাকার শিশুদের তুলনায় কি বেশি হাঁপানি হওয়ার আশঙ্কা থাকে?
- ব্র্যাডফোর্ডের কত জন মায়ের সন্তান প্রসবের পর অবসাদ হয়? এই অবসাদ আটকাতে বা পরিবারকে সাহায্য করার জন্য কি করা যায়?

## BiB কোন তথ্য ব্যবহার করতে চায়?

যেসব সংগঠন আপনাকে বা আপনার সন্তানদের পরিষেবা দেয় তাদের মধ্যে অনেকেই নিয়মিত ডেটা সংগ্রহ করে; একে বলা হয় রুটিন ডেটা। NHS স্বাস্থ্যের রেকর্ড রাখে যাতে তারা আপনারে স্বাস্থ্য পরিষেবা দিতে পারে। সোশাল কেয়ার আপনাকে এবং আপনার পরিবারকে যে পরিষেবাগুলি দেয় তার রেকর্ড রাখে। শিক্ষা সংগঠন তথ্য রাখে যাতে তারা স্কুলে আপনার সন্তানদের পরিষেবা দিতে পারে এবং ওদের কৃতিত্বের ব্যাপারে তাদের জানা থাকে। এই সব তথ্য ইলেকট্রনিক পদ্ধতিতে সংগ্রহ করে বিভিন্ন সিস্টেমে জমা করে রাখা হয়।

নিচের ছবিতে কয়েকটি ভিন্ন ভিন্ন সংগঠনের উল্লেখ করা হয়েছে, আমরা এদের সাথে যোগাযোগ করে আপনার রোগীর রেকর্ডের তথ্যের সাথে লিংক করব বা ভবিষ্যতে আপনাকে যোগাযোগ করতে এইগুলি আমাদের সাহায্য করবে।




## BiB কিভাবে আমার তথ্য পাবে?

আমরা এই প্রতিটি সংগঠনকে ব্যক্তিগতভাবে চেনা যায় এমন কিছু বিবরণ জানিয়ে দেব যেমন নাম, জন্ম তারিখ, ঠিকানা এবং NHS নম্বর যাতে তারা নিয়মিত আপনার এবং আপনার সন্তানের বিষয়ে আমাদের ডেটা পাঠাতে পারে, তার ফলে লোকেদের স্বাস্থ্য এবং জীবনের সম্পূর্ণ পরিলে**খা** পাও**য়া** যাবে। আপনার তথ্য নিরাপদ রাখতে এসব সুরক্ষিত ট্রান্সফার সিস্টেম ব্যবহার করে পাঠানো হবে।

## BiB কিভাবে আমার তথ্য নিরাপদ রাখবে?

BiB এর ঠিকানা ব্র্যাডফোর্ড টীচিং হসপিটাল্স NHS ফাউন্ডেশন ট্রাস্ট। সেখানে সব ডেটা সুরক্ষিতভাবে রেখে দেওয়া হবে এবং সেসবের গোপনীয়তা রক্ষা করা হবে। হাসপাতালে আমাদের সিস্টেমে পাসওয়ার্ড দিয়ে রাখা হয় এবং খুবই নিরাপদ। যে

ডেটা দিয়ে আপনাকে চেনা সম্ভব, যেমন আপনার নাম এবং ঠিকানা, শুধু মুষ্টিমেয় অনুমতিপ্রাপ্ত মানুষ সেসব দেখতে পারবে। এর মধ্যে, যে দল আপনার ডেটা একসাথে লিংক করার কাজে জড়িত আছে সেই দলের সদস্যরা এবং যারা এই অধ্যয়নের ব্যাপারে আপনাকে ওয়াকিবহাল রাখার দায়িত্বে আছেন তারা থাকবেন। গবেষণার প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যেসব গবেষক ডেটা বিশ্লেষণ করবেন তারা আপনার ব্যক্তিগত ডেটা দেখতে পারবেন না কারণ যে তথ্য দিয়ে আপনাকে চেনা যায় সেসব আমরা সরিয়ে দেব যাতে তারা আপনার পরিচয় জানতে না পারেন এবং তা বেনামী থাকে। গবেষণা এবং পরিষেবার পরিকল্পনায় বেনামী ডেটা ব্যবহার করা হবে। আমরা জানতে চাই লোকেদের জীবন এবং স্বাস্থ্যে কিভাবে পরিবর্তন হয়, তাই আমরা আপনার তথ্য রেখে দেব এবং পরবর্তীকালে এ নিয়ে আরো গবেষণা করব।

## আমার তথ্য কিভাবে ব্যবহার করা হবে?

শুধু গবেষণা এবং পরিষেবা পরিকল্পনায় আপনার তথ্য ব্যবহার করা হবে। কোন সংবেদনশীল তথ্য থাকলে তা শুধুমাত্র সীমিত অ্যাক্সেসের বন্দোবস্তে গবেষকদের দেখতে দেওয়া হবে, যার ফলে দায়িত্বশীলভাবে এবং নিরাপদে তথ্যগুলি ব্যবহার করা হবে। ফলাফলে কখনও ব্যক্তিগতভাবে চেনার মত তথ্য যেমন নাম এবং ঠিকানা জানানো হয় না, আর আমরা যে গবেষণা করি তাতে আলাদাভাবে কাউকে চেনা যায় না।

অধ্যয়নের ব্যাপারে আপনাকে ওয়াকিবহাল রাখতে এবং আপনি অংশ নিতে আগ্রহী এমন অন্যান্য যেসব গবেষণামূলক অধ্যয়ন হচ্ছে সেসব আপনাকে জানানোর জন্য BiB আপনাকে যোগাযোগের বিবরণ ব্যবহার করবে।

## আমার তথ্য কিসের জন্য ব্যবহার করা হয়েছে তা আমি কিভাবে জানতে পারব?

আমরা পত্রিকায় এবং আমাদের ওয়েবসাইটে আমাদের ফলাফল প্রকাশিত করব http://www.borninbradford.nhs.uk/ আপনি আরো জানতে চাইলে বা আপনার অন্য কোন প্রশ্ন থাকলে নিচে দেওয়া যোগাযোগের বিবরণের মাধ্যমে আপনি আমাদের **সাথে** যোগাযোগ করতে পারেন।

## আমার কেন অংশ নেওয়া উচিত?

অংশগ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছামূলক এবং আপনি প্রকল্পে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেবেন কিনা তা আপনার উপর নির্ভর করে। কোনও সুদীর্ঘ প্রশ্নমালার উত্তর বা নমুনা দিতে হবে না, আমাদের শুধু আপনার ডেটা অ্যাক্সেস করার অনুমতি দিন। অংশ নিয়ে আপনি বা আপনার সন্তান যদিও সরাসরি কোনভাবে উপকৃত হবেন না, তবে আমরা আশা করছি যে আমরা যা তথ্য জানতে পারব তার থেকে আমাদের শেখা হবে এবং

সেসব নিয়ে গবেষণা এবং পরিকল্পনা করে আমরা ব্র্যাডফোর্ডে প্রত্যেকের স্বাস্থ্য, **শুশ্রুষা** এবং পরিষেবায় উন্নতি করতে পারব।

## আমি যদি অংশ নিতে না চাই তাহলে কি হবে?

আপনি আমাদের অনুমতি না দেওয়া পর্যন্ত আমরা আপনার বা আপনার সন্তানের বিষয়ে কোন ডেটা নেব না। আপনার অ্যাপয়েন্টমেন্টগুলির মধ্যে কোন একটিতে আপনি অংশ নিতে চান কিনা তা আপনার ধাত্রী আপনাকে জিজ্ঞাসা করে নেবেন। আপনি যদি অংশ নিতে না চান, শুধু তাদের জানিয়ে দেবেন। তাতে আপনি যে **শুশ্রুষা** পাচ্ছেন তার উপর কোন প্রভাব পড়বে না।

## আমার যদি মত বদলায় তাহলে কি হবে?

আপনি যে কোন সময় আপনার মত বদলাতে পারেন। আপনার ধাত্রীর সাথে কথা বলার সময় আপনি যদি প্রকল্পে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেন এবং পরে আপনার মত বদলান, তাহলে আপনি আমাদের যোগাযোগ করতে পারেন এবং আমরা আপনার সন্তান ও আপনাকে এই প্রকল্প থেকে সরিয়ে দেব। এতে আপনি যে **শুশ্রুষা** পাচ্ছেন তাতে কোন প্রভাব পড়বে না। ইতিমধ্যে যেসব ডেটা সংগ্রহ করা হয়ে গিয়েছে সেসব অধ্যয়নে রয়ে গেলে তাতে আপনি সন্তুষ্ট কিনা অথবা আপনার সব ডেটা সরিয়ে দিতে চান কিনা সেই সিদ্ধান্ত আপনি নিতে পারেন। আপনার ডেটা আবার যাতে অধ্যয়নে যোগ না করা হয় সেইজন্য আমরা আপনার NHS নম্বর এবং হাসপাতালের নাম রেখে দেব।

## আরো তথ্য

আমাদের ওয়েবসাইট http://www.borninbradford.nhs.uk/ –এ প্রকল্পটির বিষয়ে আরো তথ্য আছে বা আপনি যোগাযোগ করতে পারেন।

## যোগাযোগ করুন

আপনি যদি প্রকল্পের বিষয়ে আমাদের **সাথে** যোগাযোগ করতে চান বা যদি নালিশ করতে চান, অনুগ্রহ করে ইমেলে আমাদের যোগাযোগ করুন

**ইমেল:**borninbradford@bthft.nhs.uk অথবা

**আমাদের চিঠি লিখুন:** Born in Bradford Office
Bradford Institute for Health Research
Bradford Royal Infirmary
Duckworth Lane
Bradford, BD9 6RJ
টেলিফোন: 01274 364474

## অনুবাদ

বাংলা এবং স্লোভাক ভাষায় এই পত্রিকার লিখিত কপি রয়েছে। তাছাড়াও আমাদের কাছে উর্দু, বাংলায় ও স্লোভাক অডিও সংস্করণ আছে এবং ইংরেজি, উর্দু, বাংলা ও স্লোভাক ভাষায় সংক্ষিপ্ত ভিডিও আছে, আপনি যদি অন্য কোন ভাষায় এই তথ্য চান, অনুগ্রহ করে তবে আমাদের সাথে যোগাযোগ করুন।

scan to play audio

বর্ন ইন ব্র্যাডফোর্ড ওয়েবসাইটের মাধ্যমে এই লীফলেট, অডিও এবং/বা ভিডিও সংস্করণ অ্যাক্সেস করতে বাঁ দিকের QR কার্ড স্ক্যান করুন।